

ছাত্র বাহুকার

কিশোরগঞ্জ জামিয়াতুল

ইমদাদিয়া মাদ্রাসায়

অচলাবস্থা কাটেনি

কিশোরগঞ্জ প্রতিনিধি : কিশোরগঞ্জ আল-জামিয়াতুল ইমদাদিয়া মাদ্রাসার অচলাবস্থা এখনো কাটেনি, বরং তা আরো জটিল আকার ধারণ করেছে। মাদ্রাসার মজলিসে আয়োজিত (কার্যকরী কমিটি) সাময়িক বরখাস্তকৃত জাইস প্রিন্সিপাল সাবেক সংসদ সদস্য মাওলানা আতাউর রহমান খানের সমর্থক ৮ জন ছাত্রকে বহিষ্কার করেছে। বহিষ্কৃত ছাত্ররা হলো দাওয়াদে হুদিস বিভাগের ছাত্র আসাদ, সিন্ধিক, আবদুল্লাহ নাকী, বিলাল, হাসুন কবীর এবং আরবি-৬ বিভাগের ছাত্র সাহিদ ও উবায়দুর রহমান খান। ১৫ সেন্টেম্বর থেকে তাদের বহিষ্কার কার্যকর করা হয়েছে। এর আগে সাহিদুর নামে অপর একজন ছাত্রকেও এ ঘটনায় বরখাস্ত করা হয়েছিল।

এদিকে সাময়িক বরখাস্তকৃত মাদ্রাসার জাইস প্রিন্সিপাল মাওলানা আতাউর রহমান খান মাদ্রাসার সার্বিক বিষয়ে আলোচনার জন্য মাদ্রাসার সর্বোচ্চ পরিষদ মজলিসে ওরার সভাপতি বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মাওলানা উবায়দুর রহমানের সঙ্গে দেখা করতে ঢাকায় গেছেন বলে একটি সূত্র জানায়। উল্লেখ্য, জাইস প্রিন্সিপাল মাওলানা আতাউর রহমান খান মাদ্রাসার প্রিন্সিপাল ও শাহীদী মসজিদের খতিব মাওলানা আনোয়ার শাহর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে তার বহিষ্কার দাবি করেছিলেন। তার বরখাস্তের প্রতিবাদে মাদ্রাসার অধিকাংশ আবাসিক ছাত্র মাদ্রাসা ছেড়ে চলে যায়। বর্তমানে মাদ্রাসায় কড়া পুলিশ প্রহরা মোতায়েন রয়েছে।